দৈনিক
ইত্তেফাক

তারিখ · 14 FEB 2016 ······
পৃষ্ঠা ··· ৪ ··· কলাম ··· ৪ ······

# বই হলো ভবিষ্যতের পথ নির্দেশক

---------------শিক্ষাসচিব

■ নরসিংদী প্রতিনিধি

জেলায় শুরু হওয়া বই মেলার প্রশংসা করে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব সোহরাব হোসাইন বলেছেন, ঢাকার বাইরে এত বড় পরিসরে এত বড় বই মেলা আর এত বেশী সংখ্যক লোকের উপস্থিতি কোথাও দেখা যায়নি। বই অতীত ও বর্তমানের সেতু বন্ধন এবং ভবিষ্যতের পথ নির্দেশক। বই মেলা আমাদের প্রাণের মেলা। বইয়ের সাথে রয়েছে মানুষের আত্মার সম্পর্ক। বইয়ে শিক্ষা নিয়ে জীবন গড়তে পারলে সে জীবনই হবে গতিশীল প্রকৃত জীবন।

মহান একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে গতকাল শনিবার বিকেলে নরসিংদী সরকারী কলেজ মাঠে আয়োজিত পক্ষকালব্যাপী বই মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। জেলা প্রশাসন আয়োজিত এই উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন— নরসিংদী সরকারী কলেজের প্রিন্সিপাল অধ্যাপক সিরাজুল ইসলাম, পুলিশ সুপার আমেনা বেগম এবং বাংলাদেশ গণিত অলিম্পিয়াড'র সাধারণ সম্পাদক মুনির হাসান। জেলা প্রশাসক আবু হেনা মোরশেদ জামানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা করেন— মেলা কমিটির আহ্বায়ক ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মো. কামাল হোসেন, নরসিংদী সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান মনজুর এলাহী প্রমুখ। মেলা মিডিয়া পার্টনার দৈনিক ইত্তেফাক।